

মেধাবী শিক্ষকদের জন্য আলাদা পে-স্কেল করা উচিত - শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক, ময়মনসিংহ
০৭ এপ্রিল ২০২৬, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

গুণগত মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করতে মেধাবী শিক্ষকদের শিক্ষকতা পেশায় ধরে রাখতে আলাদা পে-স্কেল গঠন করা উচিত বলে মন্তব্য করেছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। গতকাল সোমবার দুপুরে ময়মনসিংহের অ্যাডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়ামে এসএসসি ও সমমান পরীক্ষা কেন্দ্রসচিবদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ মন্তব্য করেন। শিক্ষামন্ত্রী বলেন, পাবলিক পরীক্ষায় সব ধরনের ডিজিটাল ডিভাইস ব্যবহার ঠেকাতে ১৯৮০ সালের পাবলিক পরীক্ষা আইন হালনাগাদ করে কঠোর করা হচ্ছে।

শিশুদের ডিজিটাল এডুকেশনে অভ্যস্ত করতে হবে। ডিজিটাল এডুকেশনে আমাদের এডমিটেড করতে হবে। তাদেরকে অভ্যস্ত বানাতে হবে। এর কোনও বিকল্প নেই। কারণ এডুকেশন যে গ্লোবাল কমিউনিটি। একদিন অনলাইন, একদিন অফলাইন

ক্লাসের বিষয়ে মন্ত্রী বলেন, একদিন অনলাইনে শিখলো, আরেকদিন অফলাইনে আপনাকে স্কুলে আসতে হল। আসো স্কুলে একদিন, আরেকদিন তুমি বাসায় থাকো। এইভাবে তাদের আমরা সেটা করছি। নতুন আইনে পাবলিক পরীক্ষার সংজ্ঞা বদলে যাচ্ছে। ময়মনসিংহের বিভাগীয় কমিশনার ফারাহ শাম্মীর সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ময়মনসিংহ-৪ এমপি আবু ওয়াহাব আকন্দ ওয়াহিদ, ময়মনসিংহ ২ আসনের সংসদ সদস্য মাহমুদুল্লাহ, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের প্রশাসক রোকনুজ্জামান রোকন, ময়মনসিংহ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের রাষ্ট্রপতি মনোনীত বোর্ড সদস্য শফিকুল ইসলাম, মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মিয়া নুরুল হক, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মো. রুহুল আমিন, ময়মনসিংহের জেলা প্রশাসক মোঃ সাইফুর রহমান প্রমুখ।